চলমান প্রকল্পের সারসংক্ষেপ

| | | | |
|---|---|---|---|
| ১ | প্রকল্পের নাম | : | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ভবিষ্যৎ কর্মপন্থা নির্ধারণের লক্ষ্যে সার্ভে ও সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্প |
| ২ | (ক) উদ্যোগী মন্ত্রণালয় | : | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় |
| | (খ) বাস্তবায়নকারী সংস্থা | : | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় |
| ৩ | প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) | : | |
| | (ক) মোট | : | ৫০০.০০ লক্ষ |
| | (ক) জিওবি | : | ৫০০.০০ লক্ষ |
| | (গ) বৈদেশিক সহায়তা | : | - |
| ৪ | প্রকল্পের অর্থায়ন | | - |
| | (ঋণ/অনুদান/ইকুইটি | : | - |
| ৫ | বাস্তবায়নকাল | | (ক) শুরুর তারিখ: মার্চ, ২০২৫ |
| | | | (খ) সমাপ্তির তারিখ: ৩০জুন, ২০২৬ |
| ৬ | প্রকল্প এলাকা | : | কম্পোনেন্ট-১ ঢাকা জেলার বাড্ডা, রামপুরা, মোহাম্মদপুর, উত্তরা ও ঢাকা বিশ্ববিদ্যালয় ।<br>কম্পোনেন্ট-২,৩,৪ ও ৫ সমগ্র বাংলাদেশ |
| ৭ | প্রকল্পের উদ্দেশ্যে | : | • বাংলাদেশে নারী ও শিশুদের শিক্ষা, স্বাস্থ্য, সামাজিক ও অর্থনৈতিক সুরক্ষা প্রভৃতি সংক্রান্ত তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ;<br>• লক্ষ্যভুক্ত জনগোষ্ঠীর আর্থ-সামাজিক অবস্থার পর্যালোচনা;<br>• নারী ও শিশুদের কল্যাণে বিদ্যমান নীতি ও পরিষেবার ঘাটতি চিহ্নিত করা;<br>• সামাজিক, অর্থনৈতিক, সাংস্কৃতিক ও পরিবেশগত প্রতিবন্ধকতাগুলো শনাক্ত করা;<br>• নারীদের অর্থনৈতিক অন্তর্ভুক্তি, শিশু সুরক্ষা ও লিঙ্গ সমতার ক্ষেত্রে উদীয়মান প্রবণতাগুলো বিশ্লেষণ;<br>• টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG) ও জাতীয় উন্নয়ন কৌশলের সাথে সংযুক্ত অগ্রাধিকার ক্ষেত্র নির্ধারণ;<br>• সুবিধাবঞ্চিত ও ঝুঁকিপূর্ণ নারী ও শিশুদের জন্য প্রয়োজনীয় হস্তক্ষেপ চিহ্নিত করা;<br>• নির্ধারিত হস্তক্ষেপের সম্ভাব্যতা, ব্যয়-কার্যকারিতা ও টেকসইতা বিশ্লেষণ।<br>• গবেষণালব্ধ তথ্যের ভিত্তিতে উন্নয়ন প্রকল্প প্রস্তাব (DPP) তৈরি;<br>• গ্যাপ নিরসন ও মন্ত্রণালয়ের কার্যক্রম শক্তিশালীকরণের জন্য সুপারিশ প্রদান;<br>• মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং মহিলা বিষয়ক অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ ও কর্মশালা আয়োজন;<br>• ভবিষ্যৎ নীতি ও কৌশল নির্ধারণে গবেষণার ফলাফল অন্তর্ভুক্ত করা। |
| ৮ | প্রকল্পের প্রধান কার্যক্রম | : | ১. জুলাই অভ্যুত্থানে অংশগ্রহণকারী জুলাই কন্যাদের/নারীদের সঠিক সংখ্যা |

| | | | |
|---|---|---|---|
| | | | নিরূপণ বিষয়ক সার্ভে/সমীক্ষা (বাড্ডা, রামপুরা, মোহাম্মদপুর, উত্তরা ও ঢাকা বিশ্ববিদ্যালয়);<br>২. কর্মক্ষেত্রে নারীর অংশগ্রহণ বৃদ্ধির লক্ষ্যে শিশু দিবাযত্ন ও কর্মজীবি মহিলা হোস্টেল কার্যক্রমকে সামাজিক ব্যবসায় পরিণতকরণ বিষয়ক গবেষণা;<br>৩. নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ সংক্রান্ত কার্যক্রম ও তথ্যাদি বিশ্লেষণপূর্বক করণীয় নির্ধারণ সংক্রান্ত গবেষণা;<br>৪. মন্ত্রণালয়ের আওতাধীন প্রকল্প/কার্যক্রম পৃথক ও সমন্বিত টেকসই মনিটরিং ও মূল্যায়ন উন্নয়নের লক্ষ্যে গবেষণা;<br>৫. দেশীয় ও বৈশ্বিক বাজার/প্রেক্ষাপট বিবেচনায় নারীর অর্থনৈতিক ক্ষমতায়নের লক্ষ্যে টেকসই ও যুগোপযোগী প্রশিক্ষণের ক্ষেত্র নির্বাচন বিষয়ক গবেষণা। |
| ৯ | বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্তি ও বরাদ্দ | : | ৪৯৮.০০ লক্ষ |
| ১০ | প্রকল্পের অগ্রগতি | : | জুলাই অভ্যুত্থানে অংশগ্রহণকারী জুলাই কন্যাদের/নারীদের সঠিক সংখ্যা নিরূপণ বিষয়ক সার্ভে/সমীক্ষা কার্যক্রম শেষ করা হয়েছে। |
| ১১ | প্রকল্প পরিচালক | : | দিলারা বেগম, যুগ্মসচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় |